



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সিলেট সরকারি কলেজ, সিলেট।

www.sylgovcollege.edu.bd

email: principal_sgc@yahoo.com

ফোন: ০৮২১-৭৬০৬৩৫, ফ্যাক্স: +৮৮ ০৮২১ ৭৬২১৪২



২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের (অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন) অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ: ৩১.০৭.২০২১ খ্রি.

এতদ্বারা সিলেট সরকারি কলেজের ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের (অনিয়মিত, আংশিক বিষয়ে অকৃতকার্য, প্রাইভেট পরীক্ষার্থী, জিপিএ উন্নয়ন) জানানো যাচ্ছে যে, বিগত ২৬.০৭.২০২১ তারিখে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তি মোতাবেক উচ্চ মাধ্যমিক পরীক্ষা ২০২১ এর জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে প্রণীত অ্যাসাইনমেন্ট গ্রিড অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীকে শুধুমাত্র শাখাভিত্তিক ০৩ টি নৈর্বাচনিক বিষয়ের জন্য মোট ৩০টি অ্যাসাইনমেন্ট প্রস্তুত করে জমা দেয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। অ্যাসাইনমেন্ট গ্রিডে নির্দেশিত সপ্তাহভিত্তিক অ্যাসাইনমেন্টের নম্বর ও সংখ্যা অনুযায়ী গুচ্ছ ১, ২ ও ৩ এ উল্লিখিত বিষয়সমূহের অ্যাসাইনমেন্ট প্রস্তুতপূর্বক যথাসময়ে কলেজে জমা দিতে হবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর নির্দেশিত অ্যাসাইনমেন্ট গ্রিড, অ্যাসাইনমেন্টের কভার পৃষ্ঠার নমুনা, বিষয়বস্তুসহ অ্যাসাইনমেন্ট প্রস্তুতির নিয়মাবলি, কলেজের ফেসবুক গ্রুপ এবং ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

ফেসবুক গ্রুপ: HSC SGC

ওয়েবসাইট: www.sylgovcollege.edu.bd

শর্তাবলি:

- ১। ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীদের ন্যায় অনিয়মিত, প্রাইভেট পরীক্ষার্থী ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদেরকে শুধু গ্রুপভিত্তিক ০৩টি নৈর্বাচনিক বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।
- ২। আংশিক বিষয়ে অকৃতকার্য (এক বা দুই বিষয়ে অকৃতকার্য) পরীক্ষার্থী যদি নৈর্বাচনিক বিষয়ে অকৃতকার্য হয়ে থাকে সেক্ষেত্রে পরীক্ষার্থীকে তার অকৃতকার্য নৈর্বাচনিক বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। উদাহরণস্বরূপ, একজন আংশিক বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থী বাংলা(আবশ্যিক বিষয়) ও ইতিহাস (নৈর্বাচনিক বিষয়) এ অকৃতকার্য হলে সেক্ষেত্রে শুধু ইতিহাস বিষয়ের অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করবে।
- ৩। আবশ্যিক (বাংলা, ইংরেজি ও আইসিটি) ও চতুর্থ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীকে অ্যাসাইনমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে না।

নির্দেশিকা:

১. অ্যাসাইনমেন্ট জমা দেয়ার ক্ষেত্রে কোভিড-১৯ জনিত সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
২. অ্যাসাইনমেন্ট প্রস্তুতির জন্যে এনসিটিবি অনুমোদিত পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে। কোনো অবস্থাতেই গাইড বই বা অন্যের লিখা কপি করে অ্যাসাইনমেন্ট জমা দেয়া যাবে না।

৩. অ্যাসাইনমেন্ট স্বহস্তে A4 সাইজের কাগজে যথাযথ মার্জিন (চারিদিকে ১" করে) রেখে লিখতে হবে। টাইপ বা প্রিন্ট কপি গ্রহণযোগ্য হবে না। কাগজের উভয়পৃষ্ঠায় না লিখে শুধু উপরের পৃষ্ঠায় লিখতে হবে।
৪. প্রথম পৃষ্ঠাটি হবে কভার পৃষ্ঠা। এ ক্ষেত্রে অবশ্যই মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নমুনা (ওয়েবসাইটে আপলোডকৃত) অনুসরণ করতে হবে। কভার পৃষ্ঠার ০৪টি অংশ রয়েছে- পরীক্ষার্থীর অংশ, মূল্যায়নকারীর অংশ, শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের অংশ এবং শিক্ষাবোর্ডের অংশ। কোনো প্রকার ঘষামাজা ব্যতিরেকে স্পষ্টাক্ষরে শিক্ষার্থীকে শুধু 'পরীক্ষার্থীর অংশ' এর সকল তথ্য পূরণ করতে হবে।
৫. ১ম পর্যায়ে (১ম ও ২য় সপ্তাহের) অ্যাসাইনমেন্ট জমা দেয়ার স্থান ও সময়:

বিভাগ	বিষয়	জমা প্রদানের তারিখ	সময়	স্থান
বিজ্ঞান	পদার্থবিদ্যা, রসায়ন, জীববিজ্ঞান, উচ্চতর গণিত	১০.০৮.২০২১ মঙ্গলবার	সকাল ১০টা হতে দুপুর ১:০০টা	কক্ষ নং - ১১৬
মানবিক	ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, ভূগোল, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা	০৮.০৮.২০২১ রবিবার		
ব্যবসায় শিক্ষা	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা, হিসাবজ্ঞান, অর্থনীতি	০৯.০৮.২০২১ সোমবার		

৬. অনিয়মিত, জিপিএ উন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার্থীদের কভারপৃষ্ঠার উপরের ডান কোণায় বড় করে 'অনিয়মিত / জিপিএ উন্নয়ন / প্রাইভেট পরীক্ষার্থী' উল্লেখ করতে হবে। নিয়মিত পরীক্ষার্থীদের কোনো কিছু লিখার প্রয়োজন নেই।



৩১.০৭.২০২১

(প্রফেসর মাজহারুল ইসলাম)

আইডি নম্বর-০০৩৫৪২

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।

(প্রফেসর মাজহারুল ইসলাম)

আইডি নম্বর-০০৩৫৪২

অধ্যক্ষ

সিলেট সরকারি কলেজ, সিলেট।